

Programmer  
নতুন Innovation  
Team নিয়ে ১৫  
সমন্বিত-৩৭ কোর্স করা  
২৭.১২.১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
ই-গভর্নেন্স শাখা  
www.cabinet.gov.bd

অতিরিক্ত সচিব (প্রশাসন)  
সহায় (প্রশাসন)  
২৭/১২/১৫

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.৭৩

০৬ পৌষ ১৪২২  
তারিখ:-----  
২০ ডিসেম্বর ২০১৫

**বিষয়: ইনোভেশন টিমসমূহের বাৎসরিক কর্মপরিকল্পনা, প্রতিমাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এবং বাৎসরিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের (ক) ৮ এপ্রিল/২০১৩ তারিখের স্মারক নম্বর:০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.-১৮ এবং  
(খ) ২১ জুন/২০১৫ তারিখের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১১.৫১.০৪১.১৫-৬৭

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়ন এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে সূত্রস্থ (ক) নম্বর স্মারকে ইনোভেশন টিম গঠনের প্রজ্ঞাপন জারি করা হয়। পরবর্তীতে সূত্রস্থ (খ) নম্বর স্মারকে ইনোভেশন টিমসমূহের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা ও মূল্যায়ন নির্দেশিকা জারি করা হয়। এ পরিপ্রেক্ষিতে ইনোভেশন টিমসমূহ নাগরিক সেবায় উদ্ভাবন-সংস্কৃতি বিকাশের জন্য সক্রিয় ভূমিকা পালন করে যাচ্ছে।

০২। সূত্রস্থ (ক) নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনে ইনোভেশন টিমসমূহ কর্তৃক বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসে উক্ত সভায় উপস্থাপন করার নির্দেশনা রয়েছে। তা ছাড়া, টিমসমূহ কর্তৃক প্রতিমাসে সভা অনুষ্ঠান এবং প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়নপূর্বক তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কথা বলা হয়েছে।

০৩। সূত্রস্থ (খ) নম্বর স্মারকে জারিকৃত নির্দেশিকায় সেবা প্রক্রিয়া সহজিকরণ, দাপ্তরিক অভ্যন্তরীণ কর্ম প্রক্রিয়ার উন্নয়ন, উদ্ভাবন-সহায়ক পরিবেশ তৈরি, পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এবং সোশ্যাল মিডিয়ার ব্যবহার-সংক্রান্ত উদ্ভাবন ক্ষেত্রগুলি চিহ্নিত করে কার্যক্রম গ্রহণ করার বিষয় উল্লেখ রয়েছে।

০৪। এমতাবস্থায়, উদ্ভাবন-কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে জঁর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

- (ক) ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা আগামী ৩১ জানুয়ারির মধ্যে প্রণয়নপূর্বক ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- (খ) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা পর্যায়ে প্রতিমাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- (গ) ৩১ জানুয়ারি ২০১৫-এর মধ্যে উদ্ভাবন-সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন প্রকাশ করে ১৫ ফেব্রুয়ারি ২০১৬-এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর দপ্তর  
ডায়েরী নং... ২০৭৪  
তারিখঃ... ২৭/১২/১৫  
উপ-সচিব  
সিনিয়র সচিব/সচিব

মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রমাণ

গ্রহণ নং: ৪০১৭  
তারিখ: 23 DEC 2015

সর্বোচ্চ অধ্যক্ষ/সচিব  কার্যক্রম পরিচালক  উপসচিব  সিনিয়র সচিব  সচিব

অঙ্গ/অঙ্গ (আর/উপ)  উপস্থাপন করুন  সম্পর্কে করুন  উপস্থাপন করুন  উপস্থাপন করুন  উপস্থাপন করুন  উপস্থাপন করুন

মূল (আর/উপ/আর ৩)  মূল (আর/উপ/আর ৩)  মূল (আর/উপ/আর ৩)  মূল (আর/উপ/আর ৩)  মূল (আর/উপ/আর ৩)

সিনিয়র সচিব/সচিব

মহাফুজা বেগম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৮৮৩৯৫  
E-mail: eg\_sec@cabinet.gov.bd

যুগ্ম সচিব (প্রশাসন-১) এর দপ্তর  
গ্রহণ নং ৭৫২৮  
27 DEC 2015

উপসচিব  
প্রশাসন মাঠ প্রশাসন প্রশিঃ ও শুলকা  
শাসন/মিঃ খাসজমি-১ হাউস ও সমন্বয়  
সচিব

অনুলিপি সদয় জ্ঞাতার্থে

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।